# যাদুকর ও জ্যোতিষীর গলায় ধারালো তরবারি

বিভাগ/অধ্যায়ঃ যাদু প্রতিরোধের উপায়

রচয়িতা/সঙ্কলকঃ ওয়াহীদ বিন আব্দুস সালাম বালী

## যৌন ক্ষমতা নষ্টকারী যাদুর এক বাস্তব উদাহরণ

এ বিষয়ে অনেক ঘটনা রয়েছে; কিন্তু সংক্ষেপে একটি ঘটনার মধ্যেই সীমাবদ্ধ করেছি।

এক যুবক তার যে ভাই নতুন বিবাহ করেছে তাকে আমার কাছে নিয়ে আসল। তার দাম্পত্য জীবনের ব্যর্থতা নিয়ে অনেক কবিরাজ যাদুকরের কাছে গমন করেছে কিন্তু কোন কাজ হয়নি।

আমি যখন তা জানতে পারলাম তখন আমি তাকে প্রথম ইখলাসের সাথে তাওবা করালাম এবং সে যেন সেই সব দাজ্জালদেরকে মিথুযক বলে বিশ্বাস করে যাতে আমার চিকিৎসায় তার ফায়েদা হয়। সে আমাকে বলল যে, এখন তার দৃঢ় বিশ্বাস হয়েছে যে, তারা মিথ্যাবাদী ও প্রতারক। আমি তাকে সাতটি সবুজ ও তাজা বরই পাতা যোগাড় করতে বললাম; কিন্তু তা ব্যবস্থা হল না। এরপর কপুরের সাতটি পাতা ব্যবস্থা করা হয় যা পাথরের শিলপাটা দিয়ে পিষে পানিতে মিশ্রিত করলাম এবং তাতে আয়াতুল কুরসী এবং সূরা ইখলাস, সূরা ফালাক ও সূরা নাস পড়ে ফু দিলাম এবং তাকে বললাম, এই পানি সে পান করবে এবং তা দিয়ে গোসল করবে।

আলহামদুলিল্লাহ এই চিকিৎসার পর মুহুর্তেই তার উপর যাদুর প্রভাব ধ্বংস হয়ে গেছে ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5977

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন